গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার,ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০৩৩.১০.০০২.২৫-১৬২ তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৪ জুন ২০২৫

**বিষয়ঃ- কারা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বিনা সুদে ঋণ প্রদান প্রসঙ্গে।**

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারা বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ জিপি ফান্ডসহ বিভিন্ন ব্যাংক থেকে উচ্চসুদে ঋণ নিয়ে থাকেন। কর্মকর্তা কর্মচারীগণের চিকিৎসা, পরিবারের সদস্যদের চিকিৎসা, সন্তাদের বিবাহ, ঘর-বাড়ি নির্মাণ/মেরামতসহ বিভিন্ন অপরিহার্য কারণে এ সকল ঋণ গ্রহণ করে থাকেন। এ সকল ঋণের উচ্চসুদে কিস্তি পরিশোধ করতে কারা কর্মকর্তা-কর্মচারীদের অবর্ণনীয় আর্থিক সমস্যায় পড়তে হয়। কর্মকর্তা কর্মচারীদের উপরোক্ত সমস্যা লাঘবে কারা সদর দপ্তর কর্তৃক বিনা সুদে ঋণ প্রদান প্রকল্প গ্রহণ করা হয়েছে; যা ট্রাস্ট ব্যাংক লিঃ এর সহায়তায় বাস্তবায়ন করা হবে। ঋণ প্রদান সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপ।

১। কারা বিভাগে কর্মরত 'বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের' সদস্যভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী এ ঋণ পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

২। আবেদনকারীর চাকুরীকাল কমপক্ষে ০৫ (পাঁচ) বছর হতে হবে(বিশেষ ক্ষেত্রে কারা মহাপরিদর্শক এ শর্ত শিথিল করতে পারবেন)।

৩। ট্রাস্ট ব্যাংক লিঃ এর মাধ্যমে এ ঋণ প্রদান প্রকল্প পরিচালিত হবে বিধায় ট্রাস্ট ব্যাংক লিঃ এ একাউন্ট (হিসাব) নং থাকতে হবে।

৪। ঋণের প্রকারভেদঃ

| ক্র. নং | ঋণের পরিমাণ | শর্তাবলী |
|---|---|---|
| ক. | ১,০০,০০০/- টাকা | ১. জিপিএফ এবং অন্যান্য লোনসহ মূল বেতনের ৫০% বেতন প্রাপ্যতা।<br>২. ২০ কিস্তিতে পরিশোধযোগ্য এবং কিস্তি পরিশোধ যোগ্য চাকুরী অবশিষ্ট না থাকলে চাকুরীকালীন ঋণ পরিশোধের জন্য কিস্তির সংখ্যা নির্ধারিত হইবে। |
| খ. | ২,০০,০০০/- টাকা | ১. জিপিএফ/অন্য যে কোন একটি ঋণের অধিক থাকা যাবে না।<br>২. জিপিএফ এবং অন্যান্য লোনসহ মূল বেতনের ৫০% বেতন প্রাপ্যতা।<br>৩. বিভাগীয় মামলা চলমান থাকা যাবে না।<br>৪. সর্বোচ্চ ০৩ (তিন)টি লঘু ও ০২ (দুই)টি গুরু শাস্তির ক্ষেত্রে প্রযোজ্য।<br>৫. ২৫ কিস্তিতে পরিশোধযোগ্য এবং কিস্তি পরিশোধ যোগ্য চাকুরী অবশিষ্ট না থাকলে চাকুরীকালীন ঋণ পরিশোধের জন্য কিস্তির সংখ্যা নির্ধারিত হইবে। |
| গ. | ৩,০০,০০০/- টাকা | ১. জিপিএফ এবং অন্যান্য লোনসহ মূল বেতনের ৫০% বেতন প্রাপ্যতা।<br>২. কোন বিভাগীয় মামলা চলমান থাকা যাবে না।<br>৩. সর্বোচ্চ ০২ (দুই)টি লঘু ও ০১ (এক)টি গুরু শাস্তির ক্ষেত্রে প্রযোজ্য।<br>৪. ৩০ কিস্তিতে পরিশোধযোগ্য এবং কিস্তি পরিশোধ যোগ্য চাকুরী অবশিষ্ট না থাকলে চাকুরীকালীন ঋণ পরিশোধের জন্য কিস্তির সংখ্যা নির্ধারিত হইবে। |

আবেদনপত্র আগামী ২০/০৬/২০২৫ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগীয় দপ্তরে এবং ২৫/০৬/২০২৫ তারিখের মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ নির্ধারিত ছক ০১ (এক) ফর্দ।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
☎- ৫৭৩০০২২২(দপ্তর)

**কার্যার্থে ঃ**

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৪। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

আবেদনপত্র যাচাই বাছাই করতঃ বর্তমান সন্তোষজনক চাকুরীকাল উল্লেখসহ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**অনুলিপি জ্ঞাতার্থে ঃ**

১। সহকারী কারা মহাপরিদর্শক উন্নয়ন/ অর্থ/ প্রশিক্ষণ, কারা অধিদপ্তর, ঢাকা।
২। ডেপুটি জেলার (সকল), প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাজেট অফিসার /পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। শাখা প্রধান(সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়কে অবগত করার জন্য অনুরোধ করা হলো।

ঋনের শর্তাবলী(L)

## 'বাংলাদেশ কারা কর্মচারী নিরাপত্তা প্রকল্প'-এর ঋণ সহায়তা প্রকল্প
## কারা অধিদপ্তর, ঢাকা।

'বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের' সদস্যভুক্ত কর্মকর্তা/কর্মচারী তাহার অসুস্থ্যতার কারণে, ছেলে-মেয়ের লেখাপড়া, ছেলে-মেয়ের বিবাহ এবং আপদকালীন সময়ের জন্য ঋণ সহায়তার পাওয়ার লক্ষ্যে আবেদনপত্র।

(১) কর্মকর্তা /কর্মচারীর নাম ঃ

(২) পদবী ঃ

(৩) কর্মস্থল ঃ

(৪) বেতন স্কেল ঃ

(৫) বর্তমান বেতন ঃ

(৬) বিগত মাসের নীট উত্তোলন(বাড়ি ভাড়া বাদে) ঃ

(৭) জন্ম তারিখ (সার্ভিস বহি অনুযায়ী) ঃ

(৮) চাকুরীতে যোগদানের তারিখ ঃ

(৯) চাকুরীকাল ঃ

(১০) পি আর এল গমনের তারিখ ঃ

(১১) পরিবার নিরাপত্তা প্রকল্পের সদস্য নম্বর ঃ

(১২) ঋণের প্রকৃতি(পরিমাণ) ঃ

(১৩) কত কিস্তিতে পরিশোধ করতে ইচ্ছুক ঃ

(১৪) ঋণের কারণ ঃ

(১৫) ট্রাস্ট ব্যাংকের হিসাব নম্বর ঃ

(১৬) জিপিএফ-এর বর্তমান স্থিতি ঃ

(১৭) জিপিএফ-এর কর্তন (যদি থাকে) ঃ

(১৮) ব্যাংকে ঋণ ও কর্তন (যদি থাকে) ঃ

(১৯) জাতীয় পরিচয়পত্র(N.I.D)নম্বর ঃ

(২০) হালনাগাদ চাঁদা পরিশোধ(রশিদ সংযুক্ত)আছে কিনা ঃ

(২১) স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশ ঃ

আমি প্রতিজ্ঞাপূর্বক বলিতেছি যে, উল্লিখিত আবেদপত্রের বিষয়বস্তু আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এর আমি কোন তথ্য গোপন করি নাই।

৪/১/২৫

(আবেদনকারীর স্বাক্ষর)
তারিখঃ

কারা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল